

# যুগান্তর

## শৃঙ্খলা ভঙ্গের দায়ে ঢাবির দুই শিক্ষার্থীকে বহিষ্কার

ঢাবি প্রতিনিধি

০৭ ফেব্রুয়ারি ২০২৩, ০০:০০:০০ | প্রিন্ট সংস্করণ

বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ক্ষুণ্ণ, অসদাচরণ ও শৃঙ্খলা পরিপন্থি কাজে জড়িত থাকার অভিযোগে দুই শিক্ষার্থীকে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সাময়িকভাবে বহিষ্কার করা হয়েছে। সোমবার শৃঙ্খলা কমিটির সুপারিশের ভিত্তিতে তাদের বহিষ্কার করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। সেই সঙ্গে বহিষ্কৃত শিক্ষার্থীদের ‘ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে কেন স্থায়ীভাবে বহিষ্কার করা হবে না’ মর্মে

কারণ দর্শানোর নোটিশ (শোকজ) দেওয়া হয়েছে। শোকজ চিঠি পাওয়ার ৭ কার্যদিবসের মধ্যে জবাব দিতে বলা হয়েছে।

বহিষ্কৃতরা হলেন আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থী তানজির আরাফাত তুষার এবং আইন বিভাগের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী রাহুল রায়। তানজির কবি জসীমউদ্দীন হল ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক এবং রাহুল রায় কেন্দ্রীয় কমিটির সাবেক সদস্য। বিষয়টি নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর এ কে এম গোলাম রব্বানী।

১৫ জানুয়ারি সোহরাওয়ার্দী উদ্যানে ঘুরতে আসেন ভুক্তভোগী ঢাবির সাবেক নারী শিক্ষার্থী ও তার স্বামী। তখন রাহুল রায়, তুষারসহ কয়েকজন তাদের অশালীন ভাষায় গালিগালাজ করেন। রাহুল রায় ওই নারীকে হেনস্তাসহ তার স্বামীকে মারধর করে এক লাখ ২০ হাজার টাকা দামের স্বর্ণের চেন ছিনিয়ে নিয়ে যান বলে অভিযোগ ওঠে। ভুক্তভোগী নারী শাহবাগ থানায় তুষার, রাহুলসহ অজ্ঞাত আরও ৫-৬ জনকে আসামি করে মামলা দায়ের করেন।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও      Developed by [The Daily Jugantor](#) © 2023  
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।